দৈনিক
জনকণ্ঠ

তারিখ 22 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

# দুদকের মামলায় শিক্ষা অফিসার গ্রেফতার

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ।** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এমএ কাশেমকে গ্রেফতার করা হয়েছে। ২০১৫ সালের নবেম্বরে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ও বৃত্তির ফল জালিয়াতির ঘটনায় দূনীতি দমন কমিশনের মামলায় সোমবার বিকেল ৪টায় তাকে গ্রেফতার করা হয়। দুদক রাজশাহী সমন্বিত জেলার উপপরিচালক শেখ ফায়াজ আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার বৃত্তির ফল জালিয়াতির ঘটনায় তাকে নিজ বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।

জানা গেছে, ২০১৫ সালের নবেম্বরে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ও বৃত্তির ফল জালিয়াতির ঘটনায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবুল কাশেমকে সাময়িক বরখাস্তও করা হয়েছিল। বৃত্তির ফল জালিয়াতির অভিযোগে 'সুশিক্ষা আন্দোলন' নামের একটি সংগঠনের ব্যানারে অভিভাবকরা রাজশাহীতে আন্দোলন করেন। পরে প্রাথমিক শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক সাইফুল ইসলাম অভিযোগ তদন্ত করে প্রতিবেদন জমা দেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর